যুগান্তর

তারিখ 24 FEB 2008
পৃষ্ঠা ৩ কলাম ৩

# মতিঝিল আইডিয়াল স্কুলের অধ্যক্ষকে বাধ্যতামূলক ছুটি

যুগান্তর রিপোর্ট

মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগমকে দুর্নীতি ও অনিয়মের অভিযোগে দু'মাসের বাধ্যতামূলক ছুটি দেয়া হয়েছে। বুধবার গভর্নিং বডির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে সবচেয়ে সিনিয়র জীববিজ্ঞান বিভাগের অধ্যাপিকা রাশিদা বেগমকে দায়িত্ব দেয়া হয়েছে।

গভর্নিং বডির সভাপতি ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের সচিব কাজী আমিনুল ইসলামের সভাপতিত্বে সভায় অন্য সদস্যরা উপস্থিত ছিলেন। বৈঠক সূত্র জানায়, অধ্যক্ষ শাহান আরা বেগমের বিরুদ্ধে ভর্তি বাণিজ্যের মাধ্যমে দুর্নীতি অনিয়মের অভিযোগ ওঠে।

শিক্ষা
৪৩